

(borodin : (christmas day) 25 december amra borodin palon kori. Ishorer putro jisu manob rupe prithibite jonmo grohon koren ei dine. Tar mayer nam chilo maria o babar nam josep. Ek go-al ghore...)

বড়দিন - ক্লাস ৬

(এমডি১১এন্ডি৮)

“আজ এল সে বড়দিন  
প্রাণে আজ বাজে বীণ  
রঙিন স্বপ্ন ওঠে জাগিয়া  
হুন্দে হুন্দে ওঠে মাতিয়া...” (গির্জার গান)

২৫শে ডিসেম্বর আমরা বড়দিন পালন করি। ঈশ্বরের পুত্র যীশু মানব রূপে পৃথিবীতে জন্মগ্রহণ করেন এই দিনে। তার মায়ের নাম ছিল মারিয়া ও বাবার নাম জোসেফ। বেথলেহেমে এক গোয়াল ঘরে খুব ঠান্ডার রাতে তার জন্ম হয়।

স্বপ্ন দূতেরা রাখালদের কাছে এই সুখবর পৌঁছে দেয় প্রথমে এবং তারা যীশুকে তাড়াতাড়ি দেখতে সেখানে ছুটে আসে। এরপর পুত্রের তিন পণ্ডিতও তাকে দেখতে আসেন ও নানা উপহারও দেন।

আমরা যীশুর জন্মকথা স্মরণ করে আমাদের বাড়িতে গোসালা ঘর তৈরি করি। তা পুতুল দিয়ে ও টুনি লাইট দিয়ে খুব সুন্দর করে সাজাই। বড়দিনের রাতে বাবা বাইবেল থেকে যীশুর জন্ম কাহিনী আমাদের পড়ে শোনান তারপর আমরা বড়দিনের গান (ক্রিস্‌মাস ক্যারল) গাই। গির্জায় রাত ঠিক বারোটা ঘন্টা বাজে। আমরা সবাই নতুন জামাকাপড় পরে রাতে সেখানে যাই। সেখানে একসাথে যীশুর জন্মের কথা স্মরণ করি ও সবার জন্যে প্রার্থনা করি।

বাবা আমাদের জন্য বড়দিনে কেক আনেন। মা খুব মজার মজার খাবার রান্না করেন। পিঠে বানান হয়। আমিও মাকে হাতে হাতে অনেক সাহায্য করি। টেবিল ভর্তি খাবার সাজান হয়। সবাই খুব মজা করে খাই ও অনেক আনন্দ করি।

বড়দিন উৎসবের জন্য আমাদের স্কুল বন্ধ থাকে। এসময় অনেক আত্মীয়স্বজন আমাদের বাড়ি আসেন ও আমরা তাদের বাড়ি যাই। বড়দিন আমার সব চাইতে প্রিয় উৎসব।

অনুরূপ রচনাঃ

তোমার প্রিয় উৎসব

শীতের ছুটি

তুমি কেমন করে বড়দিন পালন কর

© আরকেড ২০১৫